কুয়েত-জর্ডানে মার্কিন ঘাঁটিতে ড্রোন হামলা ইরানের



ছবি: সংগৃহীত

কুয়েত ও জর্ডানে অবস্থিত কয়েকটি মার্কিন সামরিক স্থাপনাকে লক্ষ্য করে ড্রোন হামলা চালানোর দাবি করেছে ইরান। শনিবার (১৮ জুলাই) তাসনিম নিউজ এজেন্সির বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে আল-জাজিরা।

প্রতিবেদন অনুযায়ী, ইরানের সামরিক বাহিনী কুয়েতের ক্যাম্প উদাইরি, আল সালেম বিমান ঘাঁটি, গোলাবারুদের ডিপো, সদর দপ্তর ভবন এবং সংশ্লিষ্ট কয়েকটি সংযোগ সেতুকে লক্ষ্য করে অভিযান চালিয়েছে বলে দাবি করা হয়েছে। একই সঙ্গে জর্ডানের আল-আজরাক বিমান ঘাঁটির সামরিক জ্বালানি সংরক্ষণাগারেও হামলা চালানো হয়েছে বলে উল্লেখ করা হয়।

তবে এসব হামলায় কী পরিমাণ ক্ষয়ক্ষতি হয়েছে বা হতাহতের কোনো ঘটনা ঘটেছে কি না, সে বিষয়ে তাৎক্ষণিকভাবে বিস্তারিত তথ্য পাওয়া যায়নি। যুক্তরাষ্ট্রের পক্ষ থেকেও এ দাবির বিষয়ে তাৎক্ষণিক কোনো প্রতিক্রিয়া জানানো হয়নি।

এদিকে এক বিবৃতিতে ইরানের সামরিক বাহিনী বলেছে, দেশের নিরাপত্তা ও জাতীয় স্বার্থের বিরুদ্ধে যেকোনো পদক্ষেপের জবাব দিতে তারা প্রস্তুত। একই সঙ্গে ইরানি জনগণের মনোবল পরীক্ষার চেষ্টা করা হলে তার কঠোর প্রতিক্রিয়া জানানো হবে বলেও সতর্ক করেছে তেহরান।